

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পররাষ্ট্র মন্ত্রণালয়

ঢাকা

নং-পম/গবেষণা/বিআইআইএসএস/ভিজিট-০১(অংশ-১)/২০১৬/২৫০

তারিখঃ ০৩ ডিসেম্বর ২০১৭

প্রেরকঃ সিনিয়র সহকারী সচিব (গবেষণা)
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

প্রাপকঃ ড. শাহীন আফরোজ
গবেষণা পরিচালক
বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল এন্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ, ঢাকা।

বিষয়ঃ বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল এন্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (বিআইআইএসএস)-এর গবেষণা পরিচালক ড. শাহীন আফরোজ-এর অনুকূলে আগামী ০৬ ডিসেম্বর ২০১৭ তারিখে নয়া দিল্লী-এ অনুষ্ঠিতব্য 'BIMSTEC@20. The Way Forward' শীর্ষক কনফারেন্স-এ বক্তা হিসেবে যোগদানের জন্য সরকারি অনুমোদন।

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল এন্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (BISS)-এর গবেষণা পরিচালক ড. শাহীন আফরোজ-এর অনুকূলে আগামী ০৬ ডিসেম্বর ২০১৭ তারিখে Observer Research Foundation (ORF), New Delhi, India-এর উদ্যোগে নয়া দিল্লী-এ অনুষ্ঠিতব্য 'BIMSTEC@20. The Way Forward' শীর্ষক কনফারেন্স-এ বক্তা হিসেবে যোগদানের জন্য নিম্নবর্ণিত শর্তে সরকারি মঞ্জুরী জ্ঞাপন করছিঃ

ক) সফরকালীন সময়ে তিনি সরকারী কাজে নিয়োজিত বলে বিবেচিত হবেন এবং বিধি অনুযায়ী পূর্ণ বেতন ও ভাতাদি প্রাপ্য হবেন। বেতন/ভাতাদির কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না।


খ) উক্ত কনফারেন্স-এ যোগদানের উদ্দেশ্যে বিআইআইএসএস-এর গবেষণা পরিচালক ড. শাহীন আফরোজ আগামী ০৫ ডিসেম্বর ২০১৭ তারিখ অথবা তার নিকটবর্তী সময়ে নয়া দিল্লী-এর উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করবেন এবং কনফারেন্স শেষে আগামী ০৮ ডিসেম্বর ২০১৭ তারিখ অথবা তার নিকটবর্তী সময়ে দেশে প্রত্যাবর্তন করবেন।

গ) এই সফরে আয়োজনকারী কর্তৃপক্ষ ড. শাহীন আফরোজ-কে বিমান ভাড়া এবং যোগদানকালীন সময়ে স্থানীয় আতিথেয়তা প্রদান করবে। সফর সংক্রান্ত অন্যান্য ব্যয় (প্রাপ্যতা অনুযায়ী টার্মিনাল চার্জ, ট্রানজিট ভাতা ও অন্যান্য ভাতা) বিআইআইএসএস বহন করবে।

ঘ) উক্ত কনফারেন্স-এ যোগদান শেষে স্বদেশ প্রত্যাবর্তনের পরে অনধিক দশ কর্মদিবসের মধ্যে কনফারেন্স-এ আলোচনার উপর একটি প্রতিবেদন পররাষ্ট্র মন্ত্রণালয়ের গবেষণা শাখায় প্রেরণ করবেন।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

আপনার একান্ত,



(মঞ্জুরী মনোয়ারা) ০০

সিনিয়র সহকারী সচিব (গবেষণা)

ফোন-৯৫৫৪১১৫

সদয় অবগতি এবং প্রয়োজনীয় কার্যার্থের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

- ০১। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
- ০২। মহাপরিচালক (কনসুলার ও কল্যাণ), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ০৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, পররাষ্ট্র বিষয়ক, ১ম-১২ তলা সরকারী অফিস ভবন (৯ম তলা), সেগুন বাগিচা, ঢাকা।
- ০৪। এস এস (ইমিগ্রেশন), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
- ০৫। জেনারেল ম্যানেজার, বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ বিভাগ, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
- ০৬। উপ-পরিচালক (প্রশাসন), বিআইআইএসএস, ঢাকা।
- ০৭। সহকারী সচিব (আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ০৮। অফিস কপি।


(মঞ্জুরী মনোয়ারা) ০০

সিনিয়র সহকারী সচিব (গবেষণা)